**রেজিস্টার্ড নং ডি এ-১**

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**
**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**বৃহস্পতিবার, জানুয়ারি ৮, ২০২৬**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(কাস্টমস)**

**প্রজ্ঞাপন**

তারিখ: **২২ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ /০৬ জানুয়ারি, ২০২৬ খ্রিষ্টাব্দ**

**এস.আর.ও. নং-০৪-আইন/২০২৬/কাস্টমস।**—কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৬৩, ধারা ২৪৩ এবং দ্বিতীয় তফসিল এর ক্রমিক নং ২১ ও ২৫ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা:—

১। **শিরোনাম।**—এই বিধিমালা কাস্টমস ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, **২০২৬** নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা।**—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) **"আইন"** অর্থ কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন);

(খ) **"একাডেমি"** অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি;

(গ) **"কাস্টমস স্টেশন"** অর্থ আইনের ধারা ২ এর উপ-ধারা (২৩) এ সংজ্ঞায়িত কাস্টমস স্টেশন;



**মূল্য :** টাকা ২৪.০০

(ঘ) **“ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট”** অর্থ আইনের ধারা ২৪৩ এর উদ্দেশ্য পূরণকল্পে কাস্টমস স্টেশনে নিজস্ব পণ্য পরিবহনের জন্য হউক বা না হউক, কোনো যানবাহনের প্রবেশ বা প্রস্থান বা কোনো পণ্য বা ব্যাগেজের আমদানি বা রপ্তানি সংশ্লিষ্ট কার্য সম্পাদনকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;

(ঙ) **“ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) সরকার”** অর্থ আইনের ধারা ২৪৪ এর অধীন ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট কর্তৃক নিয়োগকৃত এবং তার পক্ষে শুল্কায়ন, পরীক্ষণ ও খালাস কার্যক্রম সম্পন্ন করিবার ক্ষমতা প্রাপ্ত কোনো ব্যক্তি;

(চ) **“কোম্পানি”** অর্থ কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর ধারা ২ এর দফা (ঘ) তে সংজ্ঞায়িত কোম্পানি;

(ছ) **“গ্রাহক”** অর্থ এইরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠান যিনি বিদেশ হইতে কোনো পণ্য আমদানি বা বিদেশে কোনো পণ্য রপ্তানি করিয়া থাকেন;

(জ) **“ডিরেক্টর জেনারেল”** অর্থ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমির ডিরেক্টর জেনারেল;

(ঝ) **“তফসিল”** অর্থ এই বিধিমালার তফসিল;

(ঞ) **“ফরম”** অর্থ এই বিধিমালার কোনো ফরম;

(ট) **“ফার্ম”** অর্থ Partnership Act, 1932 (Act No. IX of 1932) এর section 4 এ সংজ্ঞায়িত ফার্ম;

(ঠ) **“বোর্ড”** অর্থ আইনের ধারা ২ এর উপ-ধারা (৩৮) এ সংজ্ঞায়িত জাতীয় রাজস্ব বোর্ড;

(ড) **“লাইসেন্স”** অর্থ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সি এন্ড এফ) এজেন্ট হিসাবে কার্য সম্পাদনের জন্য বিধি ১১ এর অধীন প্রদত্ত লাইসেন্স;

(ঢ) **“লাইসেন্সি”** অর্থ এই বিধিমালার অধীন প্রাপ্ত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) লাইসেন্সধারী;

(ণ) **“লাইসেন্সিং কর্তৃপক্ষ”** অর্থ বিধি ৩ এর অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষ;

(ত) **“সি এন্ড এফ সরকার পারমিট”** অর্থ বিধি ২৪ এর উপ-বিধি (৩) এর অধীন ইস্যুকৃত ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্ট সরকার পারমিট; এবং

(থ) **“Unified Agents Identification Number (UAIN)”** অর্থ বিধি ২৮ এর অধীন ইস্যুকৃত অভিন্ন ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) এজেন্ট শনাক্তকারী সংখ্যা।

(২) এই বিধামালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই সেই সকল শব্দ বা অভিব্যক্তি, আইনে যেই অর্থে ব্যবহৃত হইয়াছে, সেই অর্থে প্রযোজ্য হইবে।

৩। **লাইসেন্সিং কর্তৃপক্ষ।**—(১) এই বিধিমালার অধীন সিএন্ডএফ এজেন্ট লাইসেন্স প্রদানের উদ্দেশ্যে ১ (এক) টি লাইসেন্সিং কর্তৃপক্ষ থাকিবে।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে লাইসেন্সিং কর্তৃপক্ষ গঠিত হইবে, যথা:—

(ক) কাস্টমস স্টেশনে কর্মরত অ্যাডিশনাল কমিশনার অব কাস্টমস বা, ক্ষেত্রমত, জয়েন্ট কমিশনার অব কাস্টমস, যিনি ইহার সভাপতিও হইবেন; এবং

(খ) কাস্টমস স্টেশনে কর্মরত ১ (এক) জন ডেপুটি কমিশনার অব কাস্টমস বা অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস, যিনি ইহার সদস্য সচিব হইবেন।

৪। **লাইসেন্সিং কর্তৃপক্ষের ক্ষমতা।**—লাইসেন্সিং কর্তৃপক্ষ সিএন্ডএফ এজেন্ট এর লাইসেন্স প্রদান, নবায়ন, সাময়িক স্থগিতকরণ, বাতিল এবং প্রযোজ্য ক্ষেত্রে জরিমানা আরোপ করিতে পারিবে।

৫। **লাইসেন্স প্রদানের জন্য বিজ্ঞপ্তি প্রকাশ।**—(১) বোর্ড প্রতি বৎসর ডিসেম্বর মাসে নূতন লাইসেন্স প্রদানের জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্তে একাডেমিকে নির্দেশনা প্রদান করিবে।

(২) একাডেমি বোর্ডের নির্দেশনা মোতাবেক নূতন লাইসেন্স প্রদানের জন্য **ফরম-ক** মোতাবেক আবেদন করিবার জন্য ২ (দুই) টি বাংলা এবং ১ (এক) টি ইংরেজি জাতীয় দৈনিক পত্রিকায় বিজ্ঞপ্তি প্রচার করিবে।

(৩) একাডেমি ও জাতীয় রাজস্ব বোর্ড স্বীয় ওয়েবসাইটে বিজ্ঞপ্তিটি প্রকাশ করিবে।

(৪) বোর্ডের নির্দেশনা মোতাবেক প্রতি বছর একাডেমি তদকর্তৃক নির্ধারিত সময়ে পরীক্ষার আয়োজন করিবে।

৬। **লাইসেন্সের জন্য আবেদন।**—(১) বিধি ৫ এ বর্ণিত আবেদনকারিগণকে লাইসেন্স প্রদানের জন্য নিম্নবর্ণিত দলিলাদিসহ ২ (দুই) প্রস্থে সংশ্লিষ্ট কাস্টমস স্টেশন এর লাইসেন্সিং কর্তৃপক্ষের সভাপতি বরাবর ম্যানুয়েল পদ্ধতিতে অথবা অনলাইনে আবেদনপত্র দাখিল করিতে হইবে, যথা:—

(ক) আবেদনকারী প্রতিষ্ঠানের স্বত্বাধিকারীর বা কোম্পানির ক্ষেত্রে (এক ব্যক্তি কোম্পানি) ব্যবস্থাপনা পরিচালক বা চেয়ারম্যান, অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদারদের জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র (মূসক-২.৩) (যদি থাকে);

(গ) ট্রেড লাইসেন্সের হালনাগাদ সত্যায়িত কপি;

(ঘ) আবেদনের বৎসর বা উহার পূর্ববর্তী বৎসরের আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত আয়কর রিটার্ন দাখিলের প্রমাণ (Proof of Submission of Return or PSR);

(ঙ) অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রির সনদপত্রের সত্যায়িত কপি;

(চ) আবেদনকারীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি রঙিন ছবি;

(ছ) আবেদনকারী কোম্পানি আইন, ১৯৯৪ অনুসারে কোম্পানি হইলে কোম্পানির মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেল অব এসোসিয়েশন এর কপি এবং Partnership Act, 1932 অনুসারে যৌথ মালিকানাধীন ফার্ম হইলে যৌথ কারবারের চুক্তিপত্রের সত্যায়িত কপি;

(জ) ডিরেক্টর জেনারেল এর অনুকূলে আবেদন ফি হিসাবে ৫ (পাঁচ) হাজার টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(ঝ) ব্যক্তি মালিকানাধীন বা অংশীদারি (Partnership) বা যৌথ মালিকানাধীন বা কোম্পানির নামে ইতিপূর্বে এই বিধিমালার অধীন কোনো লাইসেন্স প্রদান করা হয় নাই এই মর্মে নন-জুডিশিয়াল স্ট্যাম্পে আবেদনকারীর প্রদত্ত ঘোষণাপত্র;

(ঞ) অফিস কক্ষ নিজস্ব হইলে মালিকানা সম্পর্কিত দলিলাদি বা ভাড়াকৃত হইলে উহার সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি; এবং

(ট) কাস্টমস আইন, ২০২৩, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আমদানি ও রপ্তানি নীতি এবং কাস্টমস প্রক্রিয়া সম্পর্কে বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যয়নপত্র (যদি থাকে)।

(২) সংশ্লিষ্ট লাইসেন্সিং কর্তৃপক্ষ পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত আবেদনসমূহ ৭ (সাত) দিনের মধ্যে ডিরেক্টর জেনারেল বরাবর অগ্রায়ণ করিবে।

৭। **লাইসেন্স প্রদানের জন্য আবেদনপত্র বাছাই ও পরীক্ষা গ্রহণ।**—(১) একাডেমি বিধি ৬ এর উপ-বিধি (২) এ উল্লিখিত নির্ধারিত সময় অতিক্রান্ত হইবার পরবর্তী ২০ (বিশ) দিনের মধ্যে আবেদনপত্রের সহিত দাখিলকৃত কাগজপত্র যাচাই বাছাইপূর্বক আবেদনপত্রটি গ্রহণ বা বাতিল করিবে।

(২) একাডেমি উপ-বিধি (১) এর অধীন আবেদনপত্র গৃহীত হইবার পরবর্তী ২ (দুই) মাসের মধ্যে এই বিধিমালার বিধান সাপেক্ষে, লিখিত ও মৌখিক পরীক্ষা গ্রহণ করিবে।

৮। **পরীক্ষা পরিচালনা কমিটি গঠন, ইত্যাদি।**—(১) বিধি ৭ এর অধীন পরীক্ষা অনুষ্ঠানের নিমিত্ত নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে ১ (এক)টি পরীক্ষা পরিচালনা কমিটি গঠিত হইবে, যথা:—

(ক) ডিরেক্টর জেনারেল, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি, যিনি ইহার আহ্বায়কও হইবেন;

(খ) এডিশনাল ডিরেক্টর জেনারেল বা জয়েন্ট ডিরেক্টর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি;

(গ) কাস্টমস হাউস, চট্টগ্রাম এর এডিশনাল কমিশনার অব কাস্টমস বা জয়েন্ট কমিশনার অব কাস্টমস পদমর্যাদার ১ (এক) জন কর্মকর্তা;

(ঘ) জাতীয় রাজস্ব বোর্ড এর লাইসেন্স শাখার দায়িত্বপ্রাপ্ত প্রথম সচিব অথবা দ্বিতীয় সচিব;

(ঙ) কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, চট্টগ্রাম এর অ্যাসিস্ট্যান্ট কমিশনার অব কাস্টমস এর পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ ১ (এক) জন কর্মকর্তা; এবং

(চ) ডেপুটি ডিরেক্টর বা অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি, যিনি ইহার সদস্য-সচিবও হইবেন।

(২) তফসিলে বর্ণিত বিষয়সমূহের উপর ৮০ (আশি) নম্বরের লিখিত পরীক্ষা গ্রহণ করিতে হইবে, যার সময়সীমা হইবে ৩ (তিন) ঘণ্টা এবং জাতীয় রাজস্ব বোর্ডের ভিন্নরূপ কোনো নির্দেশনা না থাকিলে পরীক্ষা পরিচালনা কমিটি নিজস্ব পদ্ধতি ও ব্যবস্থাপনায় প্রশ্নপত্র প্রণয়ন করিতে পারিবে।

৯। **মৌখিক পরীক্ষা গ্রহণ, ইত্যাদি।**—(১) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে ২০ (বিশ) নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

(২) ডিরেক্টর জেনারেল ৩ (তিন) সদস্য বিশিষ্ট ১ (এক) টি মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবেন, যাহাতে জাতীয় রাজস্ব বোর্ড এর লাইসেন্স শাখার দায়িত্বপ্রাপ্ত প্রথম সচিব অথবা দ্বিতীয় সচিব উক্ত বোর্ডের অন্তর্ভুক্ত হইবেন, এবং ডিরেক্টর জেনারেল উক্ত বোর্ডের সভাপতি হইবেন।

(৩) একাধিক মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করিবার প্রয়োজন হইলে ডিরেক্টর জেনারেল উক্তরূপে বোর্ড গঠন করিয়া জাতীয় রাজস্ব বোর্ডকে অবহিত করিবেন এবং সেইক্ষেত্রে চট্টগ্রামস্থ কাস্টমস ও ভ্যাট দপ্তরসমূহে কর্মরত কমিশনারগণকে প্রত্যেক কমিটির আহ্বায়ক হিসাবে দায়িত্ব প্রদান করা যাইবে।

(৪) লিখিত এবং মৌখিক উভয় পরীক্ষায় পৃথকভাবে অন্যূন ৫০ (পঞ্চাশ) শতাংশ নম্বর প্রাপ্তি পরীক্ষায় উত্তীর্ণের মান হিসাবে বিবেচিত হইবে।

(৫) সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্স প্রদানের নিমিত্তে পরীক্ষা গ্রহণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রমের ব্যয় বিধি ৬ এর উপ-বিধি (১) এর দফা (জ) এর অধীন আদায়কৃত ফি হইতে পরিশোধ করা হইবে।

(৬) ডিরেক্টর জেনারেল পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের তালিকা এবং ১ (এক) প্রস্থ আবেদনসহ দলিলাদি সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনে প্রেরণ করিবেন।

(৭) এই বিধিমালার অন্যান্য বিধানে যাহা কিছুই থাকুক না কেন, নিজস্ব পণ্য খালাসের নিমিত্ত লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধি ১২ এর বিধান অনুসরণ করিতে হইবে।

১০। **সি অ্যান্ড এফ এজেন্ট এর মৌলিক প্রশিক্ষণ।**—লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণকে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট প্রশিক্ষণ একাডেমি অথবা সংশ্লিষ্ট কাস্টমস হাউস বা ভ্যাট কমিশনারেট বা জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক স্বীকৃত প্রশিক্ষণ কেন্দ্রে নিজস্ব খরচে ন্যূনতম ২ (দুই) সপ্তাহের মৌলিক প্রশিক্ষণে অংশগ্রহণ করিয়া সফলভাবে প্রশিক্ষণ সমাপ্ত করিতে হইবে।

১১। **নূতন লাইসেন্স প্রদান পদ্ধতি।**—(১) একাডেমি হইতে যোগ্য প্রার্থীদের তালিকা প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে লাইসেন্সিং কর্তৃপক্ষ তাহাদেরকে নিম্নবর্ণিত ফিসহ দলিলাদি দাখিল করিবার নির্দেশ প্রদান করিবে, যথা:—

(ক) কাস্টমস হাউসের ক্ষেত্রে ৫০ (পঞ্চাশ) হাজার টাকা এবং স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৩০ (ত্রিশ) হাজার টাকার এ-চালান বা ট্রেজারি চালান বা ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার;

(খ) কাস্টমস হাউসে সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে কার্য করিবার ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার এর অনুকূলে ৫ (পাঁচ) লক্ষ টাকা এবং স্থল কাস্টমস স্টেশনে কার্য করিবার ক্ষেত্রে ৩ (তিন) লক্ষ টাকা মূল্যমানের নি:শর্ত ও অব্যাহত ব্যাংক গ্যারান্টি এর মাধ্যমে নিরাপত্তা জামানত **ফরম-ঘ** অনুসারে দাখিল করিতে হইবে;

(গ) কাস্টমস হাউসে সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে কার্য করিবার ক্ষেত্রে ১ (এক) লক্ষ টাকা এবং স্থল কাস্টমস স্টেশনে কার্য করিবার ক্ষেত্রে ৮০ (আশি) হাজার টাকার বন্ড **ফরম-ঙ** অনুসারে দাখিল করিতে হইবে;

(ঘ) লাইসেন্সের অধীন কার্যাবলি সম্পাদনের জন্য প্রয়োজনীয় সংখ্যক কর্মচারী নিয়োগের অঙ্গীকারনামা;

(ঙ) লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর সততা, নিষ্ঠা ও পেশাগত দক্ষতার সহিত দায়িত্ব পালনের অঙ্গীকারনামা;

(চ) বিদেশি মালিকানাধীন কোম্পানি বা প্রতিষ্ঠানের ক্ষেত্রে, কোম্পানি আইন, ১৯৯৪ (১৯৯৪ সনের ১৮ নং আইন) এর অধীন নিবন্ধনের সনদপত্র; এবং

(ছ) ২ (দুই) সপ্তাহের মৌলিক প্রশিক্ষণ সফলভাবে সমাপ্তির সনদপত্র।

(২) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন দাখিলকৃত দলিলাদি যাচাই বাছাই পূর্বক দলিলাদি প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আবেদনকারীকে **ফরম-চ** অনুসারে সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্স প্রদান করিবে।

**১২। নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্স ( সেলফ ক্লিয়ারেন্স) প্রদান:**—(১) ইন্ডাস্ট্রিয়াল আইআরসি হোল্ডার ভ্যাট কমপ্লায়েন্ট ম্যানুফ্যাকচারার কর্তৃক আমদানি বা রপ্তানিতব্য পণ্য নিজস্ব প্রতিষ্ঠানের মাধ্যমে খালাস করিবার জন্য এই বিধিমালার অধীন লাইসেন্স প্রাপ্তির সকল শর্ত পূরণপূর্বক **ফরম-খ** অনুসারে আবেদন করিবার পর লাইসেন্সিং কর্তৃপক্ষ প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা পরিচালক বা চেয়ারম্যানের মৌখিক পরীক্ষা গ্রহণ করিয়া **ফরম-চ** অনুসারে লাইসেন্স প্রদান করিবে।

(২) সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর আবেদন করিয়া সহযোগী প্রতিষ্ঠানকে মূল লাইসেন্সে অন্তর্ভুক্ত করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, যেই পরিচালক বা চেয়ারম্যান মৌখিক পরীক্ষা দিয়ে সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স গ্রহণ করিয়াছেন তাহাকে অবশ্যই সহযোগী প্রতিষ্ঠানে পরিচালক বা চেয়ারম্যান হইতে হইবে।

(৩) সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান কোনো অবস্থাতেই নিজস্ব অথবা সহযোগী প্রতিষ্ঠানের পণ্যচালান ব্যতীত অন্য কোনো পণ্যচালান খালাস করিতে পারিবে না।

(৪) সেলফ ক্লিয়ারেন্স লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠান কোনো অবস্থাতেই রেফারেন্স লাইসেন্সের জন্য আবেদন করিতে পারিবে না।

**১৩। লাইসেন্সের মেয়াদ:**—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের মেয়াদ হইবে লাইসেন্স প্রদানের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

**১৪। লাইসেন্স প্রদানের ক্ষেত্রে বিধি-নিষেধ:**—(১) এই বিধিমালার অন্যান্য বিধিতে যাহা কিছুই থাকুক না কেন, সম্পূর্ণ বিদেশি মালিকানাধীন কোনো প্রতিষ্ঠানকে এই বিধিমালার আওতায় লাইসেন্স প্রদান করা যাইবে না;

তবে শর্ত থাকে যে, দেশি ও বিদেশি যৌথ মালিকানায় প্রতিষ্ঠিত কোনো কোম্পানি লাইসেন্স পাইবার যোগ্য হইবে, যেইক্ষেত্রে উক্ত কোম্পানির বিদেশি মালিক বা মালিকদের শেয়ার ধারণের পরিমাণ উক্ত কোম্পানির মোট শেয়ারের শতকরা ৪৯ (উনপঞ্চাশ) ভাগের অধিক হইবে না।

(২) কোনো ব্যক্তি একক মালিকানাধীন প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী হিসাবে ১ (এক) টি লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন এবং অংশীদারি প্রতিষ্ঠানের অংশীদার বা লিমিটেড কোম্পানিতে শেয়ার হোল্ডার হিসাবে সর্বোচ্চ ১ (এক) টি লাইসেন্স গ্রহণ করিতে পারিবেন।

(৩) সংশ্লিষ্ট স্টেশন বা হাউস এই বিধিমালা জারির পূর্বে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একই অধিক্ষেত্র হইতে ভিন্ন নামে বা একই নামে একাধিক লাইসেন্স গ্রহণ করিয়াছে কিনা উহা যাচাই করিয়া উপ-বিধি (২) অনুসারে ১ (এক) টি লাইসেন্স সচল রাখিয়া অন্য লাইসেন্স বাতিল করিবার উদ্যোগ গ্রহণ করিবে।

**১৫। লাইসেন্স নবায়ন:**—(১) লাইসেন্সের মেয়াদ অতিক্রান্ত হইবার ৪৫ (পঁয়তাল্লিশ) দিন পূর্বে লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট কাস্টমস হাউজের ক্ষেত্রে ১০ (দশ) হাজার টাকা এবং স্থল কাস্টমস স্টেশনের ক্ষেত্রে ৫ (পাঁচ) হাজার টাকা নবায়ন ফি পরিশোধপূর্বক সি অ্যান্ড এফ এজেন্টকে লাইসেন্স নবায়নের জন্য নিম্নবর্ণিত দলিলাদিসহ আবেদন করিতে হইবে, যথা:—

(ক) মূল লাইসেন্সের কপি;

(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি;

(গ) Integrated VAT Administration System (IVAS) এ নিয়মিত দাখিলপত্র দাখিলের প্রমাণ বা VAT Honour Card;

(ঘ) আয়কর কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত বিগত মেয়াদের আয়কর রিটার্নের প্রমাণ (Proof of Submission of Return or PSR);

(ঙ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ছবি ও জাতীয় পরিচয়পত্রের কপি;

(চ) হালনাগাদ অফিস ভাড়ার চুক্তিপত্র এবং উক্তরূপ ভাড়ার বিপরীতে পরিশোধিত মূসক চালানের কপি (প্রযোজ্য ক্ষেত্রে);

(ছ) নবায়ন ফি ও উহার উপর প্রযোজ্য মূসক পরিশোধের চালানের কপি;

(জ) লিমিটেড কোম্পানির ক্ষেত্রে Document Verification System (DVS) নম্বর সংবলিত হালনাগাদ বার্ষিক নিরীক্ষা প্রতিবেদনের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত কপি;

(ঝ) লাইসেন্সিং কর্তৃপক্ষের চাহিত লাইসেন্স নবায়নের জন্য লাইসেন্স সংশ্লিষ্ট প্রয়োজনীয় যে কোনো তথ্য বা দলিলপত্র; এবং

(ঞ) স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং (সিএন্ডএফ) এসোসিয়েশন এর সদস্যভুক্তির সনদপত্র (নিজস্ব পণ্য খালাসের জন্য লাইসেন্সের ক্ষেত্র ব্যতীত) (প্রযোজ্য ক্ষেত্রে)।

(২) সি এন্ড এফ কাস্টমস এজেন্ট উপ-বিধি (১) এ উল্লিখিত সময়ের মধ্যে আবেদন করিতে ব্যর্থ হইলে উপযুক্ত কারণ উল্লেখপূর্বক লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট সময়বৃদ্ধির আবেদন করিতে পারিবে এবং লাইসেন্সিং কর্তৃপক্ষ উক্ত কারণ যাচাই-বাছাইপূর্বক সন্তুষ্ট হইলে সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিন সময় বৃদ্ধি করিতে পারিবে।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (১) এর অধীন প্রাপ্ত দলিলাদি এবং সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্ট এর বিগত মেয়াদের কার্যক্রম যাঁচাই-বাছাই পূর্বক সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন প্রাপ্তির তারিখ হইতে ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে পরবর্তী ৫ (পাঁচ) বৎসর মেয়দের জন্য লাইসেন্সটি নবায়ন করিবে।

(৪) লাইসেন্স নবায়নের ক্ষেত্রে রেফারেন্স লাইসেন্স হিসেবে অন্য কোনো কাস্টমস স্টেশনের কার্যক্রম বিবেচনা করা যাইবে।

(৫) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত কারণে লাইসেন্স নবায়ন করিবে না, যথা:—

(ক) সি এন্ড এফ এজেন্ট এর কার্যক্রম সন্তোষজনক না হইলে;

(খ) লাইসেন্স গ্রহণকারী আইনের আওতায় কোনো আমদানিকারকের প্রথম পণ্য চালানে ঘোষণা বর্হিভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য পাইলে তাহা অপরাধ হিসেবে বিবেচিত হইবে না;

তবে শর্ত থাকে যে, একই আমদানিকারকের পরবর্তী পণ্য চালানে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য পাইলে তা অপরাধ হিসাবে বিবেচিত হইবে এবং এইরূপ লাইসেন্সকে উচ্চ ঝুঁকি সম্পন্ন লাইসেন্স হিসাবে চিহ্নিত করা হইবে:

তবে আরও শর্ত থাকে যে, অন্য কোনো এজেন্ট ঝুকিপূর্ণ হিসাবে চিহ্নিত কোনো আমদানিকারকের পণ্য ঘোষণা দাখিলের পর উহাতে ঘোষণা বহির্ভূত বা ঘোষণার অতিরিক্ত পণ্য পাওয়া গেলে তাহা অপরাধ হিসাবে বিবেচিত হইবে;

(গ) মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ অনুসারে নিয়মিত অনলাইনে দাখিলপত্র দাখিল না করিলে; এবং

(ঘ) সি এন্ড এফ এজেন্টের ইচ্ছাকৃত কার্য, অবহেলা, প্রতারণা অথবা ত্রুটির কারণে কোনো মামলার উদ্ভব হইলে বা শুল্ক অনাদায়ী থাকিলে বা কম আদায় হইলে প্রতারণা বা ইচ্ছাকৃত বিভ্রান্তির (willful misleading) কারণে শুল্ক ফেরৎ প্রদানের পরিপ্রেক্ষিতে কোনো মামলার উদ্ভব হইলে বা সরকারি পাওনা বকেয়া থাকিলে।

(৬) লাইসেন্সিং কর্তৃপক্ষ উপ-বিধি (৫) এ উল্লিখিত কোনো ১ (এক) টি কারণে লাইসেন্স নবায়ন না করিবার সিদ্ধান্ত গ্রহণ করিলে সি এন্ড এফ এজেন্টকে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে অবহিত করিবে।

(৭) সি এন্ড এফ এজেন্ট ধারাবাহিকভাবে ৪ (চার) মাস কোনো কার্যক্রম পরিচালনা না করিলে এজেন্টের Agents Identification Number (AIN) কাস্টমস কম্পিউটার সিস্টেম বা ASYCUDA World System এ স্বয়ংক্রিয়ভাবে অকার্যকর হইবে:

তবে শর্ত থাকে যে, এইরূপ অকার্যকর হইবার পর সিএন্ডএফ এজেন্ট কাস্টমস কম্পিউটার সিস্টেম বা ASYCUDA World System এ অনলাইনে আবেদন করিয়া লাইসেন্স সচল করিতে পারিবেন।

**১৬। লাইসেন্সের অধিক্ষেত্র:—**(১) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সের অধিক্ষেত্র হইবে **ফরম-ক** তে উল্লিখিত কাস্টমস স্টেশন।

(২) এই বিধিমালা জারির পূর্বে ইস্যুকৃত সকল এজেন্ট লাইসেন্স এই বিধিমালার অধীন প্রদত্ত হইয়াছে বলিয়া গণ্য হইবে এবং এই বিধিমালা জারির পূর্বে লাইসেন্সি যেই কাস্টমস স্টেশনে কার্যক্রম সম্পাদন করিয়াছেন উক্ত স্টেশন তাহার অধিক্ষেত্র বলিয়া বিবেচিত হইবে।

(৩) কোনো কারণে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কোনো স্থল কাস্টমস স্টেশন রহিত ঘোষণা করা হইলে সেই স্টেশন হইতে প্রদানকৃত মূল লাইসেন্স সমর্পণপূর্বক লাইসেন্সধারীকে ২ (দুই) মাসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারেটের অধিক্ষেত্রাধীন অন্য কাস্টমস স্টেশন হইতে লাইসেন্স গ্রহণের জন্য আবেদন করিতে হইবে; এইক্ষেত্রে এই বিধিমালার বিধি ৬, ৭, ৮ ও ৯ এর বিধান প্রযোজ্য হইবে না; তবে এইক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনারেটের অধীনে অন্য কোনো কাস্টমস স্টেশন না থাকিলে সংশ্লিষ্ট কমিশনার তাহার আবেদনপত্র ও কার্যক্রম পর্যালোচনা করিয়া মতামতসহ একটি প্রতিবেদন ১ (এক) মাসের মধ্যে জাতীয় রাজস্ব বোর্ডে প্রেরণ করিবেন; জাতীয় রাজস্ব বোর্ড উল্লিখিত প্রতিবেদন পর্যালোচনা করিয়া অন্য কোনো কমিশনারেটে লাইসেন্স প্রদানের অনুমতি প্রদান করিতে পারিবে।

(৪) কোনো কারণে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক কোনো স্থল কাস্টমস স্টেশন ঘোষণা রহিত করা হইলে সেই স্টেশন হইতে প্রদানকৃত রেফারেন্স লাইসেন্স স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলিয়া গণ্য হইবে।

(৫) এই বিধিমালার অধীন নূতন লাইসেন্স গ্রহণকারী, লাইসেন্সের অধিক্ষেত্র সংযোজন করিতে ইচ্ছুক হইলে লাইসেন্সিকে যেই অধিক্ষেত্রের কার্যক্রম পরিচালনা করিতে ইচ্ছুক সেই অধিক্ষেত্রের লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট **ফরম-গ** অনুসারে আবেদন দাখিল করিতে হইবে।

(৬) এই বিধির উপ-বিধি (৫) এ বর্ণিত লাইসেন্সিকে, লাইসেন্সিং কর্তৃপক্ষ মৌখিক পরীক্ষা গ্রহণ করিয়া উপযুক্ত বিবেচনা করিলে তাহাকে উক্ত অধিক্ষেত্রে কার্যক্রম পরিচালনার অনুমতি প্রদান করিবে।

(৭) এই বিধিমালা প্রণয়নের পূর্বে ইস্যুকৃত লাইসেন্সের ক্ষেত্রে, কোনো লাইসেন্সি তাহার লাইসেন্সে নতুন অধিক্ষেত্র সংযোজন করিতে চাহিলে তাহাকে এই বিধিমালার অধীন মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে।

(৮) অধিক্ষেত্র সংযোজনের ক্ষেত্রে বিধি ৬ এর উপ-বিধি (১) এর দফা (ক), (খ), (গ), (ঘ), (ঙ), (চ) ও (ছ) এবং দফা (ঞ) ও (ট) তে উল্লিখিত দলিলাদি দাখিল করিতে হইবে।

১৭। **লাইসেন্সের অনুলিপি প্রদান।**—(১) এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্স হারাইয়া গেলে সংশ্লিষ্ট থানায় সাধারণ ডায়েরি করিতে হইবে এবং ১ (এক) টি জাতীয় পত্রিকায় হারানো বিজ্ঞপ্তি প্রকাশপূর্বক বর্ণিত দলিলাদির অনুলিপি আবেদনের সহিত দাখিল করিতে হইবে।

(২) লাইসেন্স হারাইয়া গেলে বা যে কোনো প্রকারে বিনষ্ট হইলে সংশ্লিষ্ট সি অ্যান্ড এফ এজেন্ট ৫ (পাঁচ) হাজার টাকা ফি পরিশোধপূর্বক লিখিত আবেদন করিলে লাইসেন্সিং কর্তৃপক্ষ লাইসেন্সের ১ (এক) টি অনুলিপি প্রদান করিবে।

১৮। **লাইসেন্সের গঠনগত পরিবর্তন বা হস্তান্তরের ক্ষেত্রে বিধি-নিষেধ।**—এই বিধিমালার অধীন প্রদত্ত কোনো লাইসেন্স, নিম্নবর্ণিত ক্ষেত্র ব্যতীত, গঠনগতভাবে পরিবর্তন করা যাইবে না বা হস্তান্তর করা যাইবে না, যথা:—

(ক) লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিদ্যমান লাইসেন্স Partnership Act, 1932 অথবা কোম্পানী আইন, ১৯৯৪ এর আওতায় যথাক্রমে অংশীদারি প্রতিষ্ঠান বা কোম্পানীতে রূপান্তরের মাধ্যমে লাইসেন্সের গঠনগত পরিবর্তন সাধন করা যাইবে, তবে অংশীদারি প্রতিষ্ঠানের ক্ষেত্রে অংশীদার এবং কোম্পানীর ক্ষেত্রে সকল পরিচালক কর্তৃক এই বিধিমালার অধীন গঠিত লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যোগ্যতা যাচাইয়ের নিমিত্ত লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণপূর্বক উত্তীর্ণ হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, একই অংশীদার বা পরিচালকের ক্ষেত্রে শুধু মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে;

(খ) লাইসেন্সিং ব্যক্তি মালিকানাধীন হইলে লাইসেন্স গ্রহণের ২ (দুই) মাসের মধ্যে উত্তরাধিকারীগণের নাম, এনআইডি নম্বর বা জন্ম সনদ নম্বর, জন্ম তারিখ লাইসেন্সির সহিত সম্পর্ক (Relation), ইত্যাদি সম্পর্কিত তথ্য লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে; এছাড়াও, এই বিধিমালা জারির পূর্বে ইস্যুকৃত লাইসেন্সির ক্ষেত্রেও উত্তরাধিকারী সম্পর্কিত অনুরূপ সকল তথ্যাদি দাখিল করিতে হইবে;

(গ) কোনো সি অ্যান্ড এফ এজেন্ট এর মৃত্যুজনিত কারণে শুধু নিম্নরূপ ক্ষেত্রে লাইসেন্স হস্তান্তর করা যাইবে, যথা:—

(অ) কোনো সি অ্যান্ড এফ এজেন্ট মৃত্যুবরণ করিলে উক্ত তথ্য লাইসেন্সিং কর্তৃপক্ষকে লিখিতভাবে অবহিত করিতে হইবে এবং উত্তরাধিকারীগণ লিখিতভাবে অবহিত না করিলে এইরূপ ক্ষেত্রে লাইসেন্সের কার্যকারিতা স্থগিতপূর্বক আদেশ জারি করিতে হইবে;

(আ) উক্ত সি অ্যান্ড এফ এজেন্ট এর মৃত্যুর ১৮০ (একশত আশি) দিনের মধ্যে তাহার কোনো বৈধ উত্তরাধিকারী, অন্যান্য উত্তরাধিকারী, যদি থাকে, তাহাদের অনাপত্তিসহ, লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর লিখিতভাবে আবেদন করিবে; এবং

(ই) কোনো লাইসেন্সির মৃত্যুর পর তাহার মনোনীত উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তর করা যাইবে এবং লাইসেন্সিকে তাহার জীবদ্দশায় উক্ত লাইসেন্সের উত্তরাধিকারী মনোনয়ন করিতে হইবে এবং তাহাকে ২ (দুই) বৎসরের মধ্যে মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে:

তবে শর্ত থাকে যে, লিমিটেড কোম্পানীর ক্ষেত্রে ১ (এক) জন পরিচালককে লিখিত এবং মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হইতে হইবে; এবং

(ঘ) লাইসেন্সিং কর্তৃপক্ষ দফা (গ) অনুসারে আবেদন প্রাপ্তির ৩০ (ত্রিশ) কার্যদিবসের মধ্যে মনোনীত উত্তরাধিকারীর ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকা সাপেক্ষে মৌখিক পরীক্ষা গ্রহণ এবং উক্ত পরীক্ষায় উত্তীর্ণ হইলে বৈধ উত্তরাধিকারীর অনুকূলে লাইসেন্স হস্তান্তর করিতে পারিবে:

তবে শর্ত থাকে যে, সি অ্যান্ড এফ এজেন্ট এর মৃত্যুর ১৮০ (একশত আশি) দিনের মধ্যে তাহার বৈধ উত্তরাধিকারী দফা (অ) অনুসারে কোনো তথ্য প্রদান ও আবেদন দাখিল না করিলে লাইসেন্সটি বাতিল বলিয়া গণ্য হইবে।

১৯। **সি অ্যান্ড এফ এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য।**—সি অ্যান্ড এফ এজেন্ট এর দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক মনোনীত প্রতিনিধি হিসাবে সি অ্যান্ড এফ এজেন্টকে প্রদত্ত ক্ষমতা অর্পণের পত্র সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(খ) নিজস্ব আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া কাস্টমস কম্পিউটার সিস্টেমে পণ্যঘোষণা দাখিল করা;

(গ) গ্রাহক হইতে প্রাপ্ত আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট দলিলাদি যথাযথভাবে যাচাইপূর্বক ইলেকট্রনিক বা ম্যানুয়াল পদ্ধতিতে (প্রযোজ্য ক্ষেত্রে), পণ্যঘোষণা দাখিল করিয়া যথাযথ দলিলাদিসহ [শুল্ক মূল্যায়ন (আমদানি পণ্যের মূল্য নির্ধারণ) বিধিমালা, ২০০০ এর বিধান অনুসারে মূল্য ঘোষণা ফরমসহ] কাস্টমস কর্তৃপক্ষের নিকট দাখিল করা;

(ঘ) গ্রাহক আইন অনুসারে কার্য সম্পাদন করেন নাই বা কোনো দলিলে কোনো মিথ্যা তথ্য উপস্থাপন করিয়াছেন, তৎসম্পর্কে অবগত হইবার সঙ্গে সঙ্গে উহা লিখিতভাবে কাস্টমস কর্তৃপক্ষকে অবহিত করা;

(ঙ) কাস্টমস সংশ্লিষ্ট কার্য সম্পাদনে গ্রাহককে সঠিক তথ্য প্রদান করা;

(চ) পণ্যচালানের শুল্কায়ন সম্পন্ন হইবার পর পণ্যের শ্রেণিবিন্যাস (এইচ. এস. কোড), মূল্য, শুল্ক-করাদির পরিমাণ, প্রযোজ্য ক্ষেত্রে, বলবৎ আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতির বাধ্যবাধকতাসহ অন্যান্য মৌলিক তথ্য গ্রাহককে অবহিত করা এবং উক্তরূপ বিধি-বিধান পরিপালনপূর্বক পণ্য খালাসের ব্যবস্থা করা;

(ছ) গ্রাহকের নিকট হইতে সরকারের কোনো পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে সরকারি কোষাগারে জমা প্রদান করা এবং সরকারের নিকট হইতে গ্রাহকের পাওনা প্রাপ্তির সঙ্গে সঙ্গে গ্রাহককে প্রদান করা;

(জ) কাস্টমস কর্তৃপক্ষের কোনো কর্মে অযাচিত প্রভাব বিস্তার না করা;

(ঝ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কাস্টমস স্টেশনের রেকর্ড বা কাস্টমস কর্তৃপক্ষের অধিকারে থাকা কোনো তথ্য সংগ্রহ না করা;

(ঞ) লাইসেন্স সংশ্লিষ্ট কার্যে এইরূপ কোনো ব্যক্তিকে নিয়োগ না করা, যাহার লাইসেন্সের আবেদন বা সি অ্যান্ড এফ এজেন্ট সরকার পারমিট ইস্যুর আবেদন ইতোপূর্বে প্রত্যাখ্যাত হইয়াছে বা বাতিল করা হইয়াছে;

(ট) কাস্টমস স্টেশনের কোনো কর্মচারীকে কোনো অর্থ ধার বা কর্জ হিসাবে প্রদান না করা এবং এইরূপ কোনো কর্মচারী কর্তৃক গৃহীত ধার বা কর্জ পরিশোধের জন্য জিম্মাদার থাকা যাইবে না;

(ঠ) সি অ্যান্ড এফ এজেন্ট এর ঠিকানা পরিবর্তন হইলে, লাইসেন্সিং কর্তৃপক্ষকে উহা লিখিতভাবে অবগত করা;

(ড) লাইসেন্স সংশ্লিষ্ট পূর্ণাঙ্গ দলিল এবং উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস দলিল, চিঠি ও হিসাব অন্যূন ৩ (তিন) বৎসর সময়ের জন্য নিজস্ব দপ্তরে সংরক্ষণ ও মজুদ রাখা;

(ঢ) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোনো পণ্যঘোষণা নিজের দখলে না রাখা;

(ণ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক মনোনীত কোনো কাস্টমস কর্মকর্তা দফা (ড) এ বর্ণিত কোনো দলিল তলব করিলে উহা উপস্থাপন করা এবং উহার কোনো অংশ গোপন, অপসারণ বা ধ্বংস না করা;

(ত) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠা প্রদর্শনের মাধ্যমে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা;

(থ) সি অ্যান্ড এফ সরকার কর্তৃক একই এজেন্টের পণ্য চালান খালাস সংক্রান্ত কৃত সকল প্রকার কর্মকান্ডের দায়ভার তার সি অ্যান্ড এফ এজেন্টকে বহন করিতে হইবে;

(দ) সংশ্লিষ্ট দপ্তরের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এইরূপ কোনো তথ্য বা উপাত্ত দিয়ে সামাজিক যোগাযোগ মাধ্যম বা অন্য কোনো মাধ্যমে প্রচারের উদ্দেশ্যে স্থির অথবা ভিডিও চিত্র ধারণ ও প্রচার না করা এবং কোনো প্রকার প্রতিবেদন প্রকাশ বা প্রকাশে সহযোগিতা না করা;

(ধ) কাস্টমস স্টেশনে আগত সেবা প্রত্যাশীসহ স্টেকহোল্ডারগণের দপ্তরে প্রবেশে প্রতিবন্ধকতা সৃষ্টি না করা এবং দপ্তরের স্বাভাবিক কার্যক্রম বিঘ্ন হয় এইরূপ কর্মকান্ডে লিপ্ত না হওয়া;

(ন) কোনো আমদানিকারকের পণ্যচালান খালাস কার্যক্রম আরম্ভ করার পূর্বে সংশ্লিষ্ট সি এন্ড এফ এজেন্টকে আমদানিকারক কর্তৃক অবশ্যই ASYCUDA World System এ তালিকাভুক্ত হইতে হইবে; এবং

(প) ASYCUDA World System এর নিরাপত্তা, Enhanced Valuation database, Electronic General Manifest (EGM) (প্রযোজ্য ক্ষেত্রে) বাস্তবায়ন সম্পর্কিত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করিতে হইবে।

২০। **স্বাক্ষর প্রদানের ক্ষমতা**।—লাইসেন্সিং কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কাস্টমস এজেন্ট তাহার পক্ষে কাস্টমস সংক্রান্ত দলিলপত্রে স্বাক্ষর করিবার জন্য এক বা একাধিক ব্যক্তিকে **ফরম-ছ** অনুসারে দলিল স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিতে পারিবেন।

২১। **লাইসেন্স সাময়িক স্থগিতকরণ**।—লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট যদি প্রতীয়মান হয় যে, কোনো সি অ্যান্ড এফ এজেন্ট এর অনুকূলে প্রদত্ত লাইসেন্স বিশেষ কারণে অবিলম্বে স্থগিত করা আবশ্যক, তাহা হইলে তাহাকে লাইসেন্স স্থগিতকরণের কারণ উল্লেখপূর্বক বিধি ২২ এর অধীন জরিমানা আরোপের পূর্বে লাইসেন্সের কার্যকারিতা সাময়িকভাবে Agents Identification Number (AIN) Lock রাখিতে পারিবে।

২২। **লাইসেন্স বাতিল এবং জরিমানা আরোপ**।—(১) লাইসেন্সিং কর্তৃপক্ষ নিম্নবর্ণিত যে কোনো কারণে সি অ্যান্ড এফ এজেন্টকে ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে কারণ দর্শাইবার সুযোগ প্রদান করিয়া তাহার লাইসেন্স বাতিল অথবা উপ-বিধি (২) এর অধীন ক্ষেত্রমত জরিমানা অথবা লাইসেন্স বাতিল এবং জরিমানা আরোপ করিতে পারিবে, যথা:—

(ক) এই বিধিমালার কোনো বিধান বা লাইসেন্সে উল্লিখিত কোনো শর্ত ভঙ্গ করা হইলে;

(খ) কর্তব্য পালনে অবহেলা, দীর্ঘসূত্রিতা বা অদক্ষতা প্রদর্শন করা হইলে;

(গ) কাস্টমস কর্মকর্তাদের সহিত অসৌজন্যমূলক আচরণ করা হইলে;

(ঘ) স্বীয় গ্রাহকের আমদানিকৃত বা রপ্তানিতব্য পণ্যের চালান সম্পর্কে কোনো মিথ্যা ঘোষণা উদঘাটনের ক্ষেত্রে কাস্টমস কর্তৃপক্ষকে যথাযথ সহযোগিতা প্রদানে ব্যর্থ হইলে;

(ঙ) কাস্টমস কর্মকর্তা কর্তৃক চাহিত তাহার দলিলাদি [প্রয়োজনে পূর্ববর্তী বার্ষিক নিরীক্ষা প্রতিবেদন (প্রযোজ্য ক্ষেত্রে)] উহা দ্বারা ব্যবস্থিত সকল কাস্টমস দলিল এবং কাস্টমস সংশ্লিষ্ট ব্যবসায়ের সহিত সংশ্লিষ্ট সকল চিঠি, হিসাব গোপন, অপসরণ বা ধ্বংস করিলে বা কাস্টমস কর্মকর্তাকে উক্ত রেকর্ডসমূহ প্রদর্শন করিতে অস্বীকৃতি জানাইলে;

(চ) ভয়-ভীতি, মিথ্যা অভিযোগ, বলপ্রয়োগ বা কোনো অন্যায় সুযোগ সুবিধা প্রদানের মাধ্যমে কাস্টমস কর্মকর্তা বা কর্মচারীকে প্রভাবিত করিলে;

(ছ) গ্রাহক কর্তৃক কোনো মিথ্যা তথ্যের মাধ্যমে শুল্ক-কর ফাঁকির ঘটনা সম্পর্কে অবগত হইবার পর কাস্টমস কর্মকর্তার নিকট উক্ত তথ্য উপস্থাপন না করিলে;

(জ) স্বীয় গ্রাহক কর্তৃক শুল্ক-কর ফাঁকির ঘটনায় সহযোগিতা করিলে;

(ঝ) প্রযোজ্য কোনো শুল্ক-কর ফাঁকি বা প্রচলিত আইনের অধীন আরোপিত শর্ত বা নিষেধাজ্ঞা অমান্যের উদ্দেশ্যে সি অ্যান্ড এফ এজেন্ট কর্তৃক কৃত কোনো জাল দলিল প্রস্তুত করিয়া কাস্টমস কর্মকর্তার নিকট দাখিল করিলে;

(ঞ) গ্রাহকের নিকট হইতে বিধি বহির্ভূত অর্থ আদায় বা তাহাকে অন্য কোনোরূপে হয়রানি করিলে;

(ট) কাস্টমস প্রক্রিয়া অসম্পন্ন থাকাবস্থায় কোনো পণ্যঘোষণা কাস্টমস কর্তৃপক্ষ কর্তৃক অন্যূন ২ (দুই) বার লিখিতভাবে দাখিলের তাগিদ প্রদানের পরও উহা দাখিল না করিলে;

(ঠ) সি অ্যান্ড এফ এজেন্ট সরকার কর্তৃক সংশ্লিষ্ট লাইসেন্সের মাধ্যমে সম্পাদিত কার্যক্রমে রাজস্ব সংক্রান্ত কৃত অপরাধের কারণ; এবং

(ড) এই বিধিমালার অধীন অর্পিত কোনো দায়িত্ব পালন না করিলে।

(২) উপ-বিধি (১) এর অধীন লাইসেন্স বাতিলসহ লাইসেন্সিং কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সি অ্যান্ড এফ এজেন্টকে, ক্ষেত্রমত, নিম্নরূপ জরিমানা করিতে পারিবে, যথা:—

(ক) সি অ্যান্ড এফ এজেন্ট এর কর্মকাণ্ড শুল্ককর ফাঁকির সহিত সংশ্লিষ্ট না থাকিলে অন্যূন ৫০ (পঞ্চাশ) হাজার টাকা কিন্তু অনধিক ২ (দুই) লক্ষ টাকা;

(খ) সি অ্যান্ড এফ এজেন্ট কর্তৃক শুল্ককর ফাঁকির প্রচেষ্টা করা হইলে এবং উক্ত কর ফাঁকি সংঘটিত না হইলেও উক্ত ফাঁকি সংঘটিত হইলে যেই পরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হইত উহার অনধিক ২৫ (পঁচিশ) শতাংশ অথবা ১ (এক) লক্ষ টাকার মধ্যে যাহা অধিক হয়;

(গ) সি অ্যান্ড এফ এজেন্টের কর্মকাণ্ডের কারণে যেই পরিমাণ শুল্ক-কর ফাঁকি হইয়াছে উহার অনধিক দ্বিগুণ পরিমাণ অর্থ বা অন্যূন ২ (দুই) লক্ষ টাকা বা উভয়ের মধ্যে যাহা অধিক হয়।

(৩) উপ-বিধি (১) এবং (২) এ যাহা কিছুই থাকুক না কেন, বিধি ১৬ এর উপ-বিধি (৫) এর অধীন গৃহীত কার্যক্রমের ক্ষেত্রে সি অ্যান্ড এফ এজেন্ট এর বিরুদ্ধে কোনো মামলা বা দাবীনামা চলমান থাকিলে উহা নিষ্পত্তি বা চূড়ান্ত না হওয়া পর্যন্ত লাইসেন্স বাতিল বা জরিমানার বিষয়ে কোনো সিদ্ধান্ত গ্রহণ করা যাইবে না।

(৪) উপ-বিধি (১) এর অধীন অপরাধের কারণে লাইসেন্স বাতিল হইলে কাস্টমস কম্পিউটার সিস্টেমের মাধ্যমে তাহা তাৎক্ষণিক কার্যকর হইবে, এইরূপ ক্ষেত্রে জামানত নগদায়ন করিয়া জরিমানা আদায়ের পর অবশিষ্ট অর্থ ফেরত প্রদান করা যাইবে।

(৫) কোনো মেয়াদে লাইসেন্স যৌক্তিক কারণ ব্যতীত নবায়ন না হইলে লাইসেন্সের স্বাভাবিক কার্যক্রম স্থগিত বলিয়া গণ্য হইবে।

২৩। **আপিল।**—এই বিধিমালার অধীন প্রদত্ত লাইসেন্সিং কর্তৃপক্ষের কোনো সিদ্ধান্তের বিরুদ্ধে কোনো ব্যক্তি বা সি অ্যান্ড এফ এজেন্ট সংক্ষুব্ধ হইলে আইনের ধারা ২২০ অনুযায়ী যথাযথ আপিল কর্তৃপক্ষের বরাবর আপিল দায়ের করিতে পারিবে।

২৪। **সি অ্যান্ড এফ সরকার নিয়োগ ও যোগ্যতা।**—(১) সি অ্যান্ড এফ এজেন্টের পক্ষে শুল্কায়ন কার্যক্রম সম্পন্ন করিবার লক্ষ্যে প্রয়োজনীয় সংখ্যক সি অ্যান্ড এফ সরকার নিয়োগ করিতে পারিবে।

(২) উক্তরূপ সরকার নিয়োগের উদ্দেশ্যে, সি অ্যান্ড এফ এজেন্ট সরকার পারমিট ইস্যুর জন্য সংশ্লিষ্ট প্রার্থীর নিম্নবর্ণিত দলিলাদিসহ লাইসেন্সিং কর্তৃপক্ষের নিকট আবেদন করিবে, যথা:—

(ক) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি;

(খ) অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণের সনদপত্রের সত্যায়িত কপি;

(গ) স্বীয় এলাকার চেয়ারম্যান বা ওয়ার্ড কমিশনার বা, ক্ষেত্রমত, চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০১৫ এর অধীন নবম বা তদূর্ধ্ব গ্রেডভুক্ত কর্মকর্তা কর্তৃক প্রত্যায়িত চারিত্রিক সনদপত্র; এবং

(ঘ) কাস্টমস আইন, ২০২৩, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২, আমদানি ও রপ্তানি নীতি এবং শুল্কায়ন প্রক্রিয়া সম্পর্কে কাস্টমস এজেন্ট এর বাস্তব অভিজ্ঞতার প্রমাণ সম্পর্কিত প্রত্যায়নপত্র (যদি থাকে)।

(৩) লাইসেন্সিং কর্তৃপক্ষ আইন ও তদসংশ্লিষ্ট অন্যান্য বিষয় সম্পর্কে পারমিট প্রার্থীর জ্ঞান ও গ্রাহককে যথাযথ সেবা প্রদানের যোগ্যতা যাচাইয়ের উদ্দেশ্যে লিখিত পরীক্ষা গ্রহণের মাধ্যমে সি অ্যান্ড এফ সরকার পারমিট ইস্যু করিবে।

(৪) সি অ্যান্ড এফ এজেন্ট উপ-বিধি (৩) অনুসারে প্রাপ্ত সরকার পারমিটের ভিত্তিতে সি অ্যান্ড এফ সরকার নিয়োগ করিবে।

(৫) সি অ্যান্ড এফ সরকারগণ এক প্রতিষ্ঠানে চাকরি ইস্তফা প্রদান পূর্বক অন্য প্রতিষ্ঠানে যোগদান করিতে পারিবে, এক্ষেত্রে পুনরায় যোগ্যতা যাচাই পরীক্ষার প্রয়োজন হইবে না এবং এইরূপ ক্ষেত্রে পূর্ববর্তী প্রতিষ্ঠানের অনাপত্তিপত্র ও নূতন প্রতিষ্ঠানের সম্মতিপত্র লাইসেন্সিং কর্তৃপক্ষ বরাবর দাখিল করিতে হইবে।

(৬) সি অ্যান্ড এফ এজেন্ট সরকার পারমিটের মেয়াদ হইবে লাইসেন্স প্রদান বা নবায়নের তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসর।

২৫। **সি অ্যান্ড এফ এজেন্ট সরকারের পারমিট নবায়ন ও বাতিল।**— (১) বিধি ২২ এ বর্ণিত যেই সকল কারণে লাইসেন্স বাতিল হইবে সেই একই কারণে লাইসেন্সিং কর্তৃপক্ষ সি অ্যান্ড এফ এজেন্ট সরকার পারমিট বাতিল করিতে পারিবে।

(২) মূল বা রেফারেন্স লাইসেন্স বাতিল বা স্থগিত হইলে সংশ্লিষ্ট সরকার পারমিট যথাক্রমে বাতিল বা স্থগিত মর্মে গণ্য হইবে:

তবে শর্ত থাকে যে, উক্ত ব্যক্তি অন্য লাইসেন্সের বিপরীতে পারমিট গ্রহণ করিতে পারিবে।

(৩) মূল বা রেফারেন্স লাইসেন্স নবায়ন সাপেক্ষে, লাইসেন্সিং কর্তৃপক্ষ কর্তৃক সংশ্লিষ্ট সি অ্যান্ড এফ সরকার পারমিট নবায়ন করা যাইবে।

২৬। **সি অ্যান্ড এফ সরকারের দায়িত্ব ও কর্তব্য।**—সি অ্যান্ড এফ সরকারের দায়িত্ব ও কর্তব্য হইবে নিম্নরূপ, যথা:—

(ক) কাস্টমস সংক্রান্ত দায়িত্ব পালনে যথাযথ জ্ঞান, দক্ষতা, নিষ্ঠার প্রদর্শন এবং উক্ত দায়িত্ব পালনে কাস্টমস কর্তৃপক্ষকে সর্বোচ্চ সহযোগিতা করা;

(খ) সি অ্যান্ড এফ সরকার স্বীয় এজেন্ট পরিচালনা ব্যতীত অন্য কোনো পণ্যচালানের শুল্কায়ন বা খালাসের সহিত যুক্ত হইতে পারিবে না এবং একজন পারমিটধারী সি অ্যান্ড এফ সরকার একইসাথে শুধু ১ (একটি) লাইসেন্স এর অধীন দায়িত্ব পালন করিবে; এবং

(গ) এই বিধিমালার প্রযোজ্য সকল বিধান পরিপালন নিশ্চিত করিবে।

২৭। **স্বেচ্ছায় লাইসেন্স সমর্পণ।**—(১) সি অ্যান্ড এফ এজেন্ট স্বেচ্ছায় মূল বা রেফারেন্স লাইসেন্স সমর্পণ করিতে পারিবে।

(২) মূল লাইসেন্স স্বেচ্ছায় সমর্পণ করিবার সাথে রেফারেন্স লাইসেন্স মূল হিসাবে বিবেচনা করিবার আবেদন করিলে, সবচেয়ে বেশি কার্যক্রম সম্পন্ন রেফারেন্স লাইসেন্সকে মূল লাইসেন্স হিসাবে বিবেচনা করা হইবে।

(৩) লাইসেন্স বাতিলের আবেদনের প্রেক্ষিতে উক্তরূপ বাতিল করিবার পূর্বে কোনো সরকারি পাওনা থাকিলে তা আদায় সাপেক্ষে বাতিল কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

(৪) উপ-বিধি (১) অনুসারে লাইসেন্স সমর্পণের ক্ষেত্রে নিরাপত্তা জামানত ফেরতযোগ্য হইবে।

২৮। **অটোমেটেড লাইসেন্সিং মডিউল প্রণয়ন।**—লাইসেন্সের যথাযথ তথ্য ধারণ ও ইলেক্ট্রনিক কার্যসম্পাদন সহজ করিবার লক্ষ্যে Unified Agents Identification Number (UAIN) বা অভিন্ন AIN ব্যবস্থা প্রবর্তন করা যাইবে, এইক্ষেত্রে কাস্টমস অটোমেশন কার্যক্রম তথ্য এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের পৃথক লাইসেন্সিং মডিউল প্রণয়ন করিতে হইবে এবং এ্যাসাইকুডা ওয়ার্ল্ড সিস্টেমের মাধ্যমে সমন্বিত কার্যক্রম পরিচালিত হইবে।

২৯। **এজেন্ট কমিশন নির্ধারণ।**—বোর্ড, সময় সময়, আদেশ দ্বারা, সি অ্যান্ড এফ এজেন্ট কর্তৃক প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্য কমিশনের সর্বোচ্চ সীমা নির্ধারণ করিতে পারিবে।

৩০। **রহিতকরণ ও হেফাজতকরণ।**—(১) কাস্টমস এজেন্ট (লাইসেন্সিং) বিধিমালা, ২০২০, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও উক্ত বিধিমালার অধীন—

(ক) কৃত বা চলমান কোনো কার্যক্রম বা গৃহীত কোনো ব্যবস্থা এই বিধিমালার অধীন কৃত, চলমান বা গৃহীত হইয়াছে বলিয়া গণ্য হইবে; এবং

(খ) কোনো মামলা বা কার্যধারা অনিষ্পন্ন থাকিলে উহা এইরূপে নিষ্পন্ন হইবে যেন উক্ত বিধিমালা রহিত হয় নাই।

**তফসিল**

**[বিধি ৮(২) দ্রষ্টব্য]**

**পরীক্ষার সিলেবাস**

| ক্রমিক নং | বিষয় | নম্বর |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ক) | কাস্টমস আইন, ২০২৩ এবং উহার অধীন প্রণীত বিধি এবং প্রজ্ঞাপন ও আদেশসমূহ | ৩০ |
| (খ) | Automated Customs System (Asycuda, Bond Management System, Bangladesh Single Window) সংক্রান্ত জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত আদেশ নির্দেশসমূহ | ১০ |
| (গ) | বিদ্যমান আমদানি নীতি আদেশ ও রপ্তানি নীতি এবং অন্যান্য সহায়ক আইনসমূহ | ২০ |
| (ঘ) | মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২<br>ও মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ | ১০ |
| (ঙ) | The Foreign Exchange Regulation Act, 1947<br>মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ ও<br>মানিলন্ডারিং প্রতিরোধ বিধিমালা, ২০১৯ | ১০ |

**ফরম-ক**

**[বিধি ৬ দ্রষ্টব্য]**

**সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্স প্রাপ্তির আবেদন**

পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি

বরাবর,

সভাপতি

লাইসেন্সিং কর্তৃপক্ষ

.......................

মহোদয়,

আমি/আমরা ....................................... কাস্টমস স্টেশনে সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর আওতায় সি অ্যান্ড এফ এজেন্ট হিসেবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি। বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:—

১। আবেদনকারীর পূর্ণ নাম ও এনআইডি নম্বর:

২। জাতীয়তা:

৩। প্রতিষ্ঠানের নাম:

৪। প্রতিষ্ঠানের ঠিকানা:

৫। ব্যবসার ধরন (এক ব্যক্তি কোম্পানি, যৌথ মালিকানাধীন, অংশীদারীত্বমূলক, লিমিটেড কোম্পানী, ইত্যাদি):

৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ও এনআইডি নম্বর:

৭। লাইসেন্সগ্রহণকারী কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও এনআইডি নম্বর:

৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|
| | | | |

৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও ভ্যাট নিবন্ধন নম্বর:

১০। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা:

১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা:

১২। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানির নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ:

১৩। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত

তারিখ: (আবেদনকারীর স্বাক্ষর ও নামসহ দাপ্তরিক সিল)

সংযুক্তি: (বিধি ৬ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
নোট: আবেদনপত্রে কোন প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

নির্দেশিকা:

১। যে কোনো একটি কাস্টমস স্টেশন এর নাম উল্লেখ করিতে হইবে।

২। একাধিক স্টেশনের নাম উল্লেখ করিলে আবেদনখানা বাতিল হইবে।

**ফরম-খ**
**[বিধি ৬ ও ১২ দ্রষ্টব্য]**

**নিজস্ব পণ্য খালাসের জন্য (সেল্ফ ক্লিয়ারেন্স) লাইসেন্স প্রাপ্তির আবেদন**

| পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি |
|---|

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ
....................................... ........................................

মহোদয়,

আমি/আমরা .................................................. কাস্টমস স্টেশনে সিএন্ডএফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর আওতায় সি এন্ড এফ এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:—

১। কোম্পানীর/প্রতিষ্ঠানের নাম:

২। কোম্পানীর/প্রতিষ্ঠানের ঠিকানা:

৩। ব্যবসার ধরণ (এক ব্যক্তি কোম্পানি, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানী, ইত্যাদি):

৪। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ও এনআইডি নম্বর:

৫। কোম্পানীর নিবন্ধন সনদপত্র, মেমোরেন্ডাম অব এসোসিয়েশন এবং আর্টিকেলস অব এসোসিয়েশনের সত্যায়িত কপি:

৬। ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও এনআইডি নম্বর:

৭। ই-টিআইএন নম্বর:

৮। মূল্য সংযোজন কর নিবন্ধন নম্বর:

৯। একাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা:

১০। কোম্পানীর/প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা:

১১। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানীর নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ:

১২। লাইসেন্স প্রাপ্তির আবেদন প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

১৩। যে সকল আমদানিকারক প্রতিষ্ঠানের জন্য লাইসেন্সের আবেদন করা হইয়াছে সেই সকল প্রতিষ্ঠানের নাম ও BIN নম্বর উল্লেখ করিতে হইবে।

আমি/আমরা প্রত্যয়ন করিতেছি যে, আবেদনপত্রে উলিখিত তথ্য এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা সিএন্ডএফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, লাইসেন্স প্রাপ্তির পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ: ...................... (আবেদনকারীর স্বাক্ষর ও নামসহ দাপ্তরিক সিল)

**সংযুক্তি:** (বিধি ৬ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
**নোট:** আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**নির্দেশিকা:** ১। যে কোনো একটি কাস্টমস স্টেশনের নাম উল্লেখ করিতে হইবে;
২। একাধিক স্টেশনের নাম উল্লেখ করিলে আবেদনপত্র বাতিল হইবে।

**ফরম-গ**
**[বিধি ১৬ দ্রষ্টব্য]**

পাসপোর্ট সাইজের ছবি ৩ (তিন) কপি

**সিএন্ডএফ লাইসেন্সের অধিক্ষেত্র/সংযোজন/পরিবর্তন/স্থগিত আবেদন**

বরাবর,
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ

মহোদয়,

আমি/আমরা .............................. কাস্টমস স্টেশনে সিএন্ডএফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ এর আওতায় সি এন্ড এফ এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য আবেদন করিতেছি। যাহার লাইসেন্স (AIN) নং .................। আমি/আমরা সি এন্ড এফ এজেন্ট লাইসেন্স এর কার্যক্রম কাস্টমস স্টেশন .......................-তে পরিচালনা/স্থগিত করিতে ইচ্ছা পোষণ করিতেছি।

বিস্তারিত তথ্যাদি নিম্নে প্রদত্ত হইল, যথা:

১। আবেদনকারীর পূর্ণ নাম ও এনআইডি নম্বর:
২। জাতীয়তা:
৩। প্রতিষ্ঠানের নাম:
৪। প্রতিষ্ঠানের ঠিকানা:
৫। ব্যবসার ধরন (এক ব্যক্তি কোম্পানী, যৌথ মালিকানাধীন, অংশীদারিত্বমূলক, লিমিটেড কোম্পানী, ইত্যাদি):
৬। যৌথকারবারের ক্ষেত্রে অংশীদারগণ/পরিচালকগণ/ব্যবস্থাপনা পরিচালকগণের নাম ও এনআইডি নম্বর:
৭। লাইসেন্সগ্রহণকারী কর্তৃক দলিলাদিতে স্বাক্ষরদানের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির নাম ও এনআইডি নম্বর:
৮। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | পাশের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|
| | | | |

৯। ট্যাক্স আইডেন্টিফিকেশন ও ভ্যাট নিবন্ধন নম্বর:
১০। অ্যাকাউন্ট নম্বরসহ সংশ্লিষ্ট ব্যাংকের নাম ও ঠিকানা:
১১। প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিয়োগকৃত জনবলের তালিকা:
১২। ফরম-চ তে প্রদত্ত লাইসেন্সের সত্যায়িত অনুলিপি:
১৩। লাইসেন্সিং বিধিমালার আওতায় ব্যক্তি বা প্রতিষ্ঠান বা যৌথ মালিকানাধীন বা অংশীদারি বা কোম্পানীর নামে লাইসেন্স থাকিলে তাহার বিবরণ:
১৪। রেফারেন্স লাইসেন্স প্রাপ্তির আবেদন ইতঃপূর্বে প্রত্যাখ্যান করা হইয়া থাকিলে তাহার কারণ, আবেদনের তারিখ, রেফারেন্স ইত্যাদি উল্লেখ করিতে হইবে।

আমি/আমরা প্রত্যায়ন করিতেছি যে, আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি এবং সংযুক্ত দলিলাদি সঠিক ও সত্য এবং আমি/আমরা সিএন্ডএফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ পড়িয়াছি এবং আমি/আমরা নিশ্চয়তা প্রদান করিতেছি যে, অধিক্ষেত্রে সংযোজিত হওয়ার পর আমি/আমরা এই বিধিমালার বিধানাবলিসহ প্রযোজ্য অন্যান্য সকল বিধানাবলি মান্য করিব।

আপনার বিশ্বস্ত,

তারিখ:

(আবেদনকারীর স্বাক্ষর ও নামসহ দাপ্তরিক সিল)

সংযুক্তি: (বিধি ৬ এ উল্লিখিত দলিলাদি সংযুক্ত করিয়া সংযোজিত কাগজপত্রের তালিকা প্রদান করিতে হইবে)
নোট: আবেদনপত্রে কোনো প্রকার ঘষামাজা গ্রহণযোগ্য হইবে না।

**ফরম-ঘ**
**[বিধি ১১(১)(খ) দ্রষ্টব্য]**

**নিরাপত্তা জামানত**

২০-- সনের ---------------------------নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করা যাইতেছে যে, আমি/আমরা এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . .. . . . . . . . . টাকার দায়ে আমি/আমরা দৃঢ়ভাবে আবদ্ধ, যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে অদ্য দুই হাজার ------- সনের -----------মাসের -------- তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু ------------------------------------------- কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩ এর আওতায় সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছি এবং ----------------------------------- ধারা ২৬৩ উক্ত আইনের দ্বিতীয় তফসিল এর ক্রমিক নং ২৫ এর সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হইতে সম্মত হইলাম, এবং

যেহেতু --------------------- বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং সেখানকার কর্মকর্তাদের সহিত বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরোল্লিখিত বন্ডের শর্ত এই যে যদি -------------------------------- এবং তাহার করণিক এবং কর্মচারী এই লাইসেন্স ধারণকালে নিজেরা উপরে বর্ণিত আচরণ কাস্টমস স্টেশনের প্রবিধান মোতাবেক বিশ্বস্ততার সহিত সম্পাদন এবং সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে তাহার কর্মকান্ড এবং যদি --------------------------- এবং তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যাহা --------- ---------------- বা তাহার করণিক বা কর্মচারীর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরোল্লিখিত বন্ড অকার্যকর হইবে। অন্যথায় ইহা সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে এবং ইহার ভিত্তিতে এই মর্মে সম্মত হইয়া ঘোষণা করা যাইতেছে যে, বাংলাদেশ সরকারের উপরেবর্ণিত ---------- টাকা, যাহা তাহার করণিক বা কর্মচারী বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য সরকার প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে পরিশোধের জন্য ব্যবহৃত করা যাইবে এবং এই মর্মে সম্মত হইয়াছি যে --------------- টাকা বাংলাদেশ সরকারের অনুকূলে ৬ (ছয়) মাস পর্যন্ত রক্ষিত থাকিবে যাহাতে --------------------- সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্স বাতিল হওয়ার পর তাহার দ্বারা সংঘটিত কিন্তু উদঘাটিত হয়নি এইরূপ বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকান্ড বা অবহেলার জন্য প্রাপ্য অর্থ সরকার কর্তৃক আদায়ের জন্য এই বন্ড উল্লিখিত ৬ (ছয়) মাস সময়ের জন্য কার্যকর থাকিবে। (ইহা আরও সম্মত হইয়াছি যে বাংলাদেশ সরকারের উপরিউল্লিখিত ------------ টাকা ---------------কর্তৃক তাহার আমদানিকারকের পক্ষে কৃত কোনো কার্যক্রমের ফলে কম পরিশোধিত শুল্ক বা অন্যকোনো চার্জ সম্পূর্ণ বা আংশিক পরিশোধের জন্য এই বন্ড কার্যকর হইতে পারে যদিও কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ৩৩ অনুসারে দাবীনামা ইতোমধ্যে জারি হইয়াছে)।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরোল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সিলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত
তারিখ --------------

সাক্ষীগণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষর

১। -------------------------------

২। -------------------------------

**ফরম-ঙ**
**[বিধি ১১(১)(গ) দ্রষ্টব্য]**
**বন্ড সম্পাদন**

২০..... সনের ................................ নম্বর

এই দলিল দ্বারা সংশ্লিষ্ট সকলকে অবগত করানো যাইতেছে যে, আমি/আমরা ............................... (ক) ................................................................ (খ) এই মর্মে বাংলাদেশ সরকারের নিকট .................. টাকার দায়ে আমরা দৃঢ়ভাবে আবদ্ধ যা পরিশোধের জন্য আমি নিজেকে এবং আমাদের প্রত্যেককে, আমাদের এবং আমাদের সকল উত্তরাধিকার, নির্বাহক এবং প্রশাসক উক্ত অর্থ পরিশোধে অদ্য দুই হাজার ...... সনের ...... মাসের ...... তারিখ দায়বদ্ধ ও দৃঢ়ভাবে আবদ্ধ হইলাম।

যেহেতু কথিত ............................................................. (ক) ...................................... কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩ এর আওতায় সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে নিয়োগপ্রাপ্ত হইয়াছি এবং ..................................................... এবং কথিত ................................................ (খ) ............................. ধারা ২৬৩ উক্ত আইনের দ্বিতীয় তফসিল এর ক্রমিক নং ২৫ এর সহিত পঠিতব্য, এর অধীন প্রণীত বিধিমালার আওতায় আবশ্যক এই বন্ডে আবদ্ধ হতে সম্মত হইলাম এবং যেহেতু ....................................................... বাংলাদেশ সরকারের সহিত আমার, আমার করণিক এবং কর্মচারীর কাস্টম হাউস প্রবিধান এবং কাস্টমস স্টেশনের কর্মকর্তাদের সহিত বিশ্বস্ত আচরণের জন্য নিরাপত্তা জামানতে আবদ্ধ হইলাম।

অতঃপর উপরোল্লিখিত বন্ড এর শর্ত হইতেছে এই যে, ................................................................ (ক) ....................................... উভয়ই এই প্রাধিকার ধারণকালে কাস্টম হাউসের প্রবিধান অনুসারে বিশ্বস্ততার ও দুর্নীতিবিহীনভাবে সর্বদা কার্য সম্পাদন করিব এবং সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে তাহার কার্যক্রম এবং (খ) ........................ তাহাদের নির্বাহক বা প্রশাসক কৃতকর্ম এবং সকল সময় বাংলাদেশ সরকারের অনুকূলে সকল এবং সমুদয় অর্থ যা ................................................................ (ক) ........................ এর বৈধ পদ্ধতিতে কৃত অবৈধ কর্মকাণ্ড বা অবহেলার জন্য প্রাপ্য হইয়াছে তাহা বাংলাদেশ সরকারের অনুকূলে প্রদান করা না হয় তবে উপরোল্লিখিত বন্ড অকার্যকর হইবে, অন্যথায় ইহা সম্পূর্ণরূপে কার্যকরী থাকিবে।

উপস্থিত সাক্ষীগণের উপস্থিতিতে উপরোল্লিখিত নামীয় কর্তৃক স্বাক্ষরিত, সিলমোহরকৃত ও সরবরাহকৃত।

আমার সম্মুখে সম্পাদিত
তারিখ ............

সাক্ষীগণের নাম, ঠিকানা, মোবাইল নম্বর ও স্বাক্ষর

১। ................................................................

২। ................................................................

লাইসেন্সিং কর্তৃপক্ষ

**ফরম-চ**

**[(বিধি ১১(২) দ্রষ্টব্য]**

| |
|---|
| পাসপোর্ট সাইজের ছবি ১ (এক) কপি |

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**

**.......................... কাস্টম হাউস/কমিশনারেট**

**সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্স**

কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন) এর ধারা ২৪৩ এর আওতায় ............................ কাস্টমস স্টেশনে সি অ্যান্ড এফ এজেন্ট হিসাবে ব্যবসা পরিচালনার জন্য সি অ্যান্ড এফ এজেন্ট লাইসেন্সিং বিধিমালা, ২০২৫ মোতাবেক এই লাইসেন্স প্রদান করা হইল।

ক) লাইসেন্স নম্বর ও তারিখ :

খ) ব্যক্তি/প্রতিষ্ঠানের নাম :
(এনআইডি/বিআইএন নম্বর)

গ) ঠিকানা :

ঘ) টেলিফোন/ই-মেইল :

ঙ) লাইসেন্সির স্বাক্ষর :

২। এই লাইসেন্সটি হস্তান্তরযোগ্য নয় এবং বিধিমালায় বর্ণিত কোনো কারণে বাতিল, সাময়িকভাবে স্থগিত বা নবায়ন করা না হইলে ইস্যুর তারিখ হইতে ৫ (পাঁচ) বৎসরের জন্য বহাল থাকিবে।

৩। এই লাইসেন্স ............................. কাস্টম হাউস/বন্ড কমিশনারেট/ভ্যাট কমিশনারেট/কাস্টমস স্টেশনের জন্য প্রযোজ্য হইবে।

তারিখ: লাইসেন্সিং কর্তৃপক্ষ (সদস্য সচিব ও সভাপতি) এর স্বাক্ষর ও সিল

দাপ্তরিক সিল :

লাইসেন্স নবায়ন

........................................ হইতে ........................................ পর্যন্ত

লাইসেন্সিং কর্তৃপক্ষ (সদস্য সচিব ও সভাপতি) এর স্বাক্ষর ও সিল

**ফরম-ছ**
**[বিধি-২০ দ্রষ্টব্য]**

**কাস্টমস দলিলপত্র, ইত্যাদিতে স্বাক্ষর প্রদানের ক্ষমতাপত্র**

বরাবর
সভাপতি
লাইসেন্সিং কর্তৃপক্ষ,
.......................................
.........................................।

মহোদয়,

আমি/আমরা ............................... (এনআইডি নম্বর: ........................), ঠিকানা ................................ যথাবিহিত সম্মানপ্রদর্শন পূর্বক অবহিত করিতেছি যে, আমরা নিম্নবর্ণিত সি অ্যান্ড এফ এজেন্ট সহকারী, কর্মচারী বা প্রতিনিধিকে ...............সি অ্যান্ড এফ এজেন্ট এর পক্ষে কাস্টমস স্টেশনে সংশ্লিষ্ট ব্যবসায় যথা:— (১) কাস্টমস দলিলাদি অর্থাৎ পণ্যঘোষণা, ইত্যাদি (২) ম্যানিফেস্ট, ফেরত আদেশ বা ড্র-ব্যাক এর বিলে স্বাক্ষর প্রদান (৩) অর্থ গ্রহণ বা প্রাপ্তি অনুমোদন, প্রভৃতি পরিচালনার জন্য স্বাক্ষরের ক্ষমতা অর্পণ করিলাম।

২। সংরক্ষণের জন্য ক্ষমতাপ্রাপ্ত সকলের ৪ (চার) টি নমুনা স্বাক্ষর এতদসঙ্গে সংযুক্ত করা হইল।

৩। আমি/আমরা এই মর্মে স্বীকৃতি প্রদান করিতেছি যে, উপরে বর্ণিত বিষয় সংশ্লিষ্ট কার্য সম্পাদনের ক্ষেত্রে এই স্বাক্ষরগুলি এই প্রতিষ্ঠানের এবং উপরে বর্ণিত বিষয়ে সংশ্লিষ্ট কার্য সম্পাদনে কোনো দায় দায়িত্বের উদ্ভব হইলে তাহা আমরা এইরূপে গ্রহণ করিব যেন এই স্বাক্ষরগুলি আমি/আমাদের প্রতিষ্ঠান কর্তৃক সম্পাদিত।

১। জনাব............................................ (এনআইডি নম্বরঃ ......................), স্বাক্ষর-...........................
২। জনাব............................................ (এনআইডি নম্বরঃ ......................), স্বাক্ষর-..........................
৩। জনাব............................................ (এনআইডি নম্বরঃ ......................), স্বাক্ষর-..........................
৪। জনাব............................................. (এনআইডি নম্বরঃ ......................), স্বাক্ষর-.........................

আপনার বিশ্বস্ত

আবেদনকারীর স্বাক্ষর ও নামসহ দাপ্তরিক সিল

(২.০০ টাকা মূল্যমানের কোর্ট ফি স্ট্যাম্প সংযুক্ত)

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আবদুর রহমান খান** এফসিএমএ
সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd